গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
সংস্থাপন শাখা
www.chapainawabganj.gov.bd

নম্বর- ০৫.৪৩.৭০০০.০০৭.১১.০২০.২০. ৬১৭

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
১৮-মে ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৮.১৬.৪৩ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জএর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৫(পাঁচ)টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ক) এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে<br>গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে |

## শর্তাবলি:

০১। নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর সংস্থাপন শাখা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার ওয়েবপোর্টাল www.chapainawabganj.gov.bd তে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

০৫। খামের উপরে মোটা অক্ষরে বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। বিভাগীয় (চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০২(দুই) কপি ৫×৫ সে.মি. ও ০১(এক) কপি স্ট্যাম্প আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/-(একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/-(পনেরো) টাকার ডাক টিকেট লাগানো ৯.৫´´× ৪.৫´´ সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

(ঘ) স্বহস্তে পূরণকৃত প্রবেশপত্র। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী: | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ: |
|---|---|---|---|---|
| | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর:<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর:<br>৩। গেজেট নম্বর ও তারিখ:<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ:<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ:<br>(ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে) | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: |

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত/উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

(খ) ৮ নং ক্রমিকের ছকে বর্ণিত কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

(গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১(এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঙ) কোটার দাবিদার প্রার্থীদের কোটার সনদ/ প্রমানক

(চ) শর্টহ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

১০। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে। তবে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থীকে যোগদানের সময় ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১১। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১৩। আবেদনপত্র আগামী ৩০.০৭.২০২০ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালিন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে পৌছাতে হবে অথবা জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক নির্ধারিত স্থানে সরাসরি দাখিল করতে হবে। অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৪। প্রার্থীর বয়সসীমা ৩০.০৭.২০২০ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮.০৫.২০২০

(এ জেড এম নূরুল হক)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: +৮৮০৭৮১-৫২৩০০ (অফিস)
e-mail: dcchapainawabganj@mopa.gov.bd

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ মে ২০২০ খ্রিস্টাব্দ

নম্বর- ০৫.৪৩.৭০০০.০০৭.১১.০২০.২০. ৬১৭/১(২৫০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (বহুল প্রচারের অনুরোধসহ) প্রেরণ করা হলো:

০৪। জেলা প্রশাসক, ...................................................... (সকল)।

০৫। উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।

০৭। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।

০৮। জেলা পর্যায়ের কর্মকর্তা..............................................

০৯। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা।

১০। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

১১। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

১২। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।

১৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ( নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করণের অনুরোসহ)।

১৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, ...................................................... (সকল)।

১৫। নোটিস বোর্ড, এ কার্যালয়।

১৬। মাস্টার ফাইল।

১৮.০৫.২০২০

(এ জেড এম নূরুল হক)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ

D:\নিয়োগ ২০২০\STENO TYPIST NIOG 2020.Docx

বরাবর

.......................................................
.......................................................
.......................................................

# চাকরির আবেদন ফরম

ছবি
(ক) ৫×৫ সে.মি. আকারের সম্প্রতি তোলা দুই কপি সত্যায়িত রঙিন ছবি এবং
(খ) স্ট্যাম্প সাইজের এক কপি রঙিন ছবি স্ট্যাপল করতে হবে

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা): | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | | |

| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা/থানা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫ | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় (চাকরিরত) প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
সংস্থাপন শাখা
www.chapainawabganj.gov.bd

ছবি

(৫×৫ সে.মি আকারের সম্প্রতি তোলা এক কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র

| অফিস কর্তৃক পূরণীয়: | আবেদনকারী কর্তৃক স্বহস্তে পূরণীয়: |
|---|---|
| রোল নম্বর:<br><br>লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময়: | প্রার্থীর নাম :<br>মতার নাম :<br>পিতার নাম :<br>স্থায়ী ঠিকানা :<br>বাসা ও সড়ক (নাম/নম্বর) :<br>গ্রাম/পাড়া/মহল্লা :<br>ইউনিয়ন/ওয়ার্ড :<br>ডাকঘর :<br>পোস্টকোড নম্বর :<br>উপজেলা :<br>জেলা : |

তাকে ওপরে বর্ণিত স্থান, তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই পরবর্তী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(০২) লিখিত পরীক্ষার ফলাফল এবং ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিভাগের ওয়েবপোর্টাল (www.rajshahidiv.gov.bd) ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ওয়েবপোর্টালে (www.chapainawabganj.gov.bd) এবং বিভাগীয় কমিশনার, রাজশাহী ও জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।

(০৩) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিভাগের ওয়েবপোর্টাল (www.rajshahidiv.gov.bd) ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ওয়েবপোর্টালে (www.chapainawabganj.gov.bd) এবং বিভাগীয় কমিশনার, রাজশাহী ও জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।

.................................................... ....................................................

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সিল আবেদনকারীর স্বাক্ষর

সাধারণ নির্দেশনাসমূহ:

১। প্রবেশপত্র ব্যতিত কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় এই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। নতুন কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
২। পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
৩। মোবাইল ফোন, ক্যালকুলেটরসহ যেকোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস এবং কোন ধরনের বই পুস্তক সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।
৪। আবেদনপত্র ও প্রবেশপত্রসহ হাজিরা শিট, উত্তরপত্র (খাতা) এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষরে গরমিল পরিলক্ষিত হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
৫। মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সার্টিফিকেট ও রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উক্ত কাগজপত্রের সত্যায়িত (সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে) ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
৬। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।